
Dokan Pro · ব্যবহার নির্দেশিকা

দোকানের পুরো হিসাব, ধাপে ধাপে শিখুন

ছবি দেখে দেখে — নামানো থেকে শুরু করে বিক্রি, বাকি, রিপোর্ট, কর্মচারী আর প্রতিটা সেটিং। কিছু মুখস্থ করতে হবে না।

Android · iPhone · Windows · Mac · ব্রাউজার



১ **ডাউনলোড ও ইনস্টল**
Chrome থেকে নামানো, Play Protect, অন্য ডিভাইস

২ **আপডেট**
নতুন সংস্করণ এলে কী করবেন

৩ **প্রথমবার চালু**
ট্রায়াল, লাইসেন্স, দোকানের ধরন

৪ **হোম**
এক নজরে পুরো দোকান

৫ **পণ্য**
যোগ, স্টক, ব্যাচ-মেয়াদ, IMEI, সাইজ

৬ **বিক্রি**
কার্ট, ছাড়, নগদ / বিকাশ / বাকি, রসিদ

৭ **খাতা**
বাকি, ক্রয়, খরচ, মেরামত

৮ **রিপোর্ট**
লাভ-ক্ষতি থেকে স্টক মূল্য

৯ **কর্মচারী**
যোগ করা, কী পারবে কী পারবে না

১০ **সেটিংস**
প্রতিটা অপশনের মানে

১১ **ব্যাকআপ ও নতুন ফোন**
হিসাব কখনো হারাবে না


১২ **সমস্যা ও সমাধান**
সাধারণ প্রশ্ন

১


ডাউনলোড ও ইনস্টল

Android ফোনে ৫ মিনিটে চালু — প্রতিটা স্ক্রিন নিচে দেওয়া


📱 Android: ওয়েবসাইট থেকে নামান (Chrome)




1 ফোনের Chrome-এ **webixsolution.store/dokan-pro** খুলে **ফ্রি চালিয়ে দেখুন** চাপুন।




2 **Android** বাছুন। অ্যাপ ফাইল (APK) নামা শুরু হবে।



3 Chrome লিখবে **"File might be harmful"**। ভয় নেই — Play Store-এর বাইরের সব অ্যাপেই এটা দেখায়। **Download anyway** চাপুন।



4 নামা শেষে ফাইলটা খুলুন → **Install**। “অজানা উৎস” অনুমতি চাইলে নিচের হলুদ বক্স দেখুন।



5 **App installed** দেখালে **Open** চাপুন। (মাঝে Play Protect দেখালে নিচের অংশ দেখুন।)




6 Dokan Pro খুলে গেছে! নোটিফিকেশন অনুমতি চাইলে **Allow** দিন — বাকি/স্টকের সতর্কবার্তা পাবেন।

“অজানা উৎস থেকে ইনস্টল করা যাবে না” দেখালে


Settings চাপুন → **Allow from this source** (এই উৎস থেকে অনুমতি দিন) চালু করুন → পেছনে ফিরে **Install** চাপুন। এটা একবারই করতে হয়।

Google Play Protect দেখালে কী করবেন


Dokan Pro সরাসরি আমাদের কাছ থেকে আসে, Play Store থেকে নয় — তাই Google প্রথমবার অ্যাপটা চেনে না এবং একটা নিরাপত্তা স্ক্যান করতে বলে। এটা স্বাভাবিক। নিচের যেকোনো একটা পথ নিন:




1 **“App scan recommended”** দেখাবে। সবচেয়ে নিরাপদ পথ: **Scan app** চাপুন।



2 **Scanning…** — ১০-৩০ সেকেন্ড অপেক্ষা করুন, স্ক্রিন বন্ধ করবেন না।



3 **“This app looks safe”** — Google নিজেই নিরাপদ বলল। **Install** চাপুন।



4 তাড়া থাকলে: **More details** চাপলে নিচে **“Install without scanning”** আসে — এটাও চলবে।

⛔ **যা কখনো চাপবেন না**

Don’t install app বা **Cancel and don’t install** — চাপলে ইনস্টল/আপডেট বাতিল হয়ে যায়। ভুলে চাপলে ফাইলটা আবার খুলে শুরু থেকে করুন।

💡 **“Blocked by Play Protect” লিখলে**

বার্তার নিচে **More details → Install anyway** চাপুন। তবুও না হলে: Play Store → উপরে প্রোফাইল ছবি → **Play Protect** → ⚙ → “Scan apps with Play Protect” কিছুক্ষণের জন্য বন্ধ করে ইনস্টল করুন, তারপর আবার চালু করে দিন।

🍏 iPhone / iPad

- **Safari**-তে dokanprobd.pages.dev খুলুন
- নিচের **শেয়ার** ⬆ বোতাম → **Add to Home Screen** → **Add**
- Home Screen-এর Dokan Pro আইকন থেকে খুলুন — অ্যাপের মতোই চলে

🖥️ Windows

- Windows সফটওয়্যার নামান (.exe)
- "Windows protected your PC" দেখালে **More info → Run anyway**
- ইনস্টল শেষে ডেস্কটপের Dokan Pro আইকন থেকে খুলুন

💻 Mac (M1 বা নতুন)

- Mac সফটওয়্যার নামান (.dmg), খুলে Dokan Pro-কে **Applications**-এ টেনে দিন
- প্রথমবার: Applications-এ Dokan Pro-তে **রাইট-ক্লিক → Open → Open**
- না খুললে: System Settings → Privacy & Security → নিচে **Open Anyway**


🌐 ব্রাউজারে (কিছু নামানো ছাড়াই)

- Chrome / Edge-এ dokanprobd.pages.dev
- ঠিকানার পাশে **ইনস্টল** আইকন থাকলে চাপুন — কম্পিউটারে অ্যাপের মতো বসে যাবে


২ আপডেট

নতুন সংস্করণ এলে অ্যাপ নিজেই জানায় — আপনার হিসাব যেমন আছে তেমনই থাকে


📲 Android: অ্যাপের ভেতর থেকে আপডেট




1 হোমে **“নতুন আপডেট উপলব্ধ”** দেখালে **আপডেট** চাপুন — নতুন সংস্করণ নামতে থাকবে। (মেনু ⋮ → **অ্যাপ আপডেট চেক করুন** থেকেও।)



2 “Do you want to update this app?” — **Update** চাপুন।



3 আবার **Play Protect** দেখাতে পারে — উপরের মতোই **Scan app** → **Install**।



4 ইনস্টল শেষে অ্যাপ নতুন সংস্করণে খুলবে। সেটিংস → অ্যাপ ভার্সনে নতুন নম্বর দেখুন।

⛔ **আপডেটের জন্য কখনো আনইনস্টল করবেন না**

আনইনস্টল করলে ফোনের ভেতরের হিসাব মুছে যায়। আপডেট সবসময় পুরনো অ্যাপের **উপর দিয়েই** ইনস্টল হয়। কিছু আটকে গেলে আনইনস্টল না করে WhatsApp করুন।

🖥️ Windows / 💻 Mac

অ্যাপ খোলার পর এবং প্রতি ৬ ঘণ্টায় নিজে নতুন সংস্করণ খোঁজে, নামিয়ে জিজ্ঞেস করে — **এখনই আপডেট করুন** চাপলে একবার বন্ধ হয়ে নতুন সংস্করণে খোলে।

🍏 iPhone / 🌐 ব্রাউজার

কিছু করতে হয় না — সবসময় সর্বশেষ সংস্করণ চলে।

৩ প্রথমবার চালু

মালিক না কর্মচারী — বেছে নিন, তারপর ৩ মিনিটে দোকান তৈরি

👤 দোকান মালিক — তিনটা পথ

- ✓ **ফ্রি ট্রায়াল:** কেনার আগে নমুনা দোকানে সব ফিচার চালিয়ে দেখুন।
- ✓ **নতুন লাইসেন্স সক্রিয় করুন:** যে ইমেইলে অর্ডার করেছেন সেটা দিন → দোকানের নাম, ঠিকানা, মোবাইল (রসিদে ছাপা হয়) → পছন্দ (বাংলা সংখ্যা, থিম) → **মাস্টার পিন** ঠিক করুন।
- ✓ **দোকান পুনরুদ্ধার:** নতুন ফোনে ইমেইল আর মাস্টার পিন দিলে ক্লাউড থেকে সব হিসাব ফিরে আসে।


👨‍💼 কর্মচারী

"আমি কর্মচারী" → মালিকের দেওয়া **দোকান কোড** (SHOP-XXXXXX) বা ইমেইল আর নিজের **পিন**।

🔑 **মাস্টার পিন = দোকানের চাবি**

কাউকে দেবেন না, ১২৩৪/০০০০ রাখবেন না, কাগজে লিখে নিরাপদে রাখুন। হিসাব ফেরত আনতে এটা লাগবেই।





🏪 “আপনার দোকান কী?”


৩২ ধরনের দোকান থেকে নিজেরটা বাছুন — অ্যাপ নিজে সেজে যাবে: **ক্যাটাগরি, একক, পণ্যের ঘর আর বিক্রির নিয়ম।**


- ✓ **পাইকারিও বিক্রি করি** চালু করলে পাইকারি দাম আর খুচরা/পাইকারি বাছাই আসে।
- ✓ **অন্য ধরনের পণ্যও বিক্রি করি** — মুদি + কসমেটিকসের মতো মিশ্র দোকানে।
- ✓ পরে সেটিংস → দোকানের ধরন → **বদলান**; পুরনো হিসাব থাকে।

৪ হোম

দোকানে না থেকেও ফোনে দেখুন — আজ কত বিক্রি, কত লাভ

- **উপরে:** 🌙 নাইট মোড · 🔔 নোটিফিকেশন · ⋮ মেনু (ক্রয়, খরচ, ব্যাকআপ, লাইভ সাপোর্ট, আপডেট, সেটিংস)।
- **সময়:** আজ / গতকাল / ৭ দিন / এই মাস / নিজের তারিখ।
- **দ্রুত বোতাম:** পণ্য · বিক্রয় · বাকি · খরচ।
- **কার্ড:** মোট বিক্রয়, লাভ, খরচ, কম স্টক, স্টকের মূল্য, সম্ভাব্য লাভ, কাস্টমারের পাওনা, সাপ্লায়ারের দেনা।
- **গ্রাফ:** গত ৭ দিনের বিক্রি আর নগদ / বিকাশ / বাকির ভাগ।
- **দোকান অনুযায়ী:** মেয়াদ শেষ হচ্ছে এমন ওষুধ, শেষ হয়ে আসা সাইজ, IMEI দিয়ে খোঁজা, মেরামতের হিসাব।
- **নিচের বার:** হোম · পণ্য · **বিক্রয়** · স্ক্যান · রিপোর্ট · সেটিংস। “বিক্রয়” চেপে ধরলে দ্রুত কাজের মেনু।







কম্পিউটারে (Windows / Mac / ব্রাউজার) একই হিসাব — বাম পাশের মেনু থেকে সব পাতা।

৫ পণ্য

একবার যোগ করুন, বিক্রির সময় শুধু ট্যাপ



১ **পণ্য** ট্যাব: উপরে মোট স্টক মূল্য, খোঁজা, স্ক্যান, “স্টক কম” ফিল্টার। **+ নতুন পণ্য** চাপুন।



২ বারকোড: ক্যামেরা বন্ধ থাকে — ▶ চাপলে স্ক্যান, বা নম্বর লিখুন। তারপর **নাম, ক্যাটাগরি** (সঠিক একক নিজে বসে), **ক্রয় ও বিক্রয় মূল্য, স্টক, সতর্ক লিমিট**।




৩ দোকান অনুযায়ী বাড়তি ঘর আসে — যেমন ফার্মেসিতে **১ পাতা = কত পিস** আর **ব্যাচ ও মেয়াদ**। **সংরক্ষণ করুন**।


দোকান	পণ্যে যা থাকে	বিক্রির সময়
মুদি, আড়ত	খোলা ওজন; বস্তা/কার্টন	২৫০ গ্রাম, ½ কেজি দ্রুত বাটন
ফার্মেসি, কৃষি, কসমেটিকস	জেনেরিক, কোম্পানি, র‍্যাক; **ব্যাচ-মেয়াদ**; পাতা/বক্স	আগে মেয়াদ শেষ হবে এমন ব্যাচ থেকে নিজে কাটে
কাপড়, জুতা	সাইজ-রং অনুযায়ী আলাদা স্টক	সাইজ/রং বাছাই
মোবাইল, কম্পিউটার, ইলেকট্রনিক্স	ব্র্যান্ড, মডেল, **IMEI/সিরিয়াল**, ওয়ারেন্টি	কোন সেট বিক্রি — রসিদে IMEI ও ওয়ারেন্টি
সোনা	ওজন, ক্যারেট, মজুরি	আজকের ভরির দর দিলে দাম নিজে হিসাব
রেস্টুরেন্ট	মেনু	টেবিল নম্বর

৬ বিক্রি


৩ ট্যাপে বিক্রি, রসিদ সাথে সাথে




1 **বিক্রয়** ট্যাব: পণ্যে ট্যাপ, নাম খুঁজুন, বা বারকোড স্ক্যান। তালিকায় নেই এমন জিনিস? **+** খোলা পণ্য।



2 + / − দিয়ে পরিমাণ। নিচে মোট টাকা — **বিল সম্পন্ন করুন**।




3 কার্টে পরিমাণ বদল, মুছা, **ছাড় (৳)**। পেমেন্ট: **নগদ** (কত দিল লিখলে ফেরত দেখায়) বা **বিকাশ/নগদ**।



4 **বাকি** হলে কাস্টমার বাছাই জরুরি — বাকি খাতায় নিজে ওঠে। **পেমেন্ট নিশ্চিত করুন**।

রসিদ ও ফেরত

- রসিদের ছবি WhatsApp-এ কাস্টমারকে পাঠান; কম্পিউটারে A4 বা থার্মাল প্রিন্ট।
- **হোল্ড:** একজনের বিল রেখে আরেকজনের বিক্রি।
- **ফেরত:** পুরনো রসিদ খুলে পণ্য ফেরত — স্টকে ফিরে আসে।
- ইন্টারনেট ছাড়াও Android-এ বিক্রি চলে, নেট এলে নিজে সিঙ্ক।



৭ খাতা: বাকি, ক্রয়, খরচ, মেরামত

খাতা-কলম আর লাগবে না

📒 বাকি খাতা

- উপরে মোট বাকি পাওনা, কতজনের কাছে।
- **নতুন কাস্টমার:** নাম, মোবাইল, ঠিকানা, বাকির সীমা।
- কাস্টমারে ট্যাপ → **বাকি আদায়** · **তাগাদা** (WhatsApp-এ মনে করানো) · **খতিয়ান**।

🚚 ক্রয় ও সাপ্লায়ার

- মেনু → ক্রয় ও সাপ্লায়ার। মাল কিনলে **ক্রয় চালান** — স্টক নিজে বাড়ে।
- সাপ্লায়ারকে কত দেনা, কবে কত দিলেন — সব হিসাবে।

💸 দোকানের খরচ


হোমের **খরচ**: টাকা, খাত (ভাড়া, বিদ্যুৎ, বেতন...), নোট। লাভ থেকে নিজে বাদ যায়।

🔧 মেরামত (মোবাইল/ইলেকট্রনিক্স)

নতুন জমা → অবস্থা বদলান: জমা → কাজ চলছে → তৈরি → ডেলিভারি। তৈরি হলে বিল দিন, **WhatsApp-এ জানান**।

৮ রিপোর্ট

আসল লাভ কত — খরচ বাদ দিয়ে



1 সময় বাছুন (আজ … সব সময়), তারপর কার্ডে ট্যাপ।



2 **বিক্রয় ও লাভ:** বিক্রয় − পণ্যের দাম − খরচ = **নিট লাভ**।



3 **স্টক ও সম্ভাব্য লাভ:** দোকানে কত টাকার মাল, বিক্রি হলে কত লাভ।

- ✓ খরচের বিস্তারিত
- ✓ দৈনিক হিসাব
- ✓ ক্যাশ ও বাকি (ক্যাশ ড্রয়ার মিলানো)
- ✓ সর্বাধিক বিক্রিত পণ্য
- ✓ কর্মচারীভিত্তিক বিক্রয় (মালিক)
- ✓ কম্পিউটারে বিক্রয় খাতা: সব রসিদ

৯ কর্মচারী

দোকানে না থাকলেও কাজ চলে, হিসাব থাকে আপনার হাতে

➕ যোগ করুন

সেটিংস → নিরাপত্তা → **কর্মচারী ব্যবস্থাপনা → নতুন যোগ করুন**: নাম, ইমেইল, পিন। মুছে দিলে সাথে সাথে লগইন বন্ধ।

🔒 কে কী পারে

কর্মচারী পারে	শুধু মালিক
বিক্রি, পণ্য, স্টক, বাকি আদায়	লাভ-ক্ষতি, খরচ, সেটিংস, ব্যাকআপ, কর্মচারী


প্যাকেজ	কর্মচারী	কোথায়
ছোট দোকান	নেই	শুধু মালিকের ফোন
মাঝারি দোকান	২ জন	মোবাইল
কাউন্টার দোকান	২ জন	মোবাইল ও কম্পিউটার
বড় দোকান	৫ জন	মোবাইল ও কম্পিউটার

১০

সেটিংস

প্রতিটা অপশন এক লাইনে

অংশ	কী করে
দোকানের প্রোফাইল	নাম, ঠিকানা, মোবাইল, মালিকের ইমেইল, স্লোগান — রসিদে ছাপা হয়
দোকানের ধরন	ধরন বদল, পাইকারি, মিশ্র; সোনার দর
ভাষা ও সংখ্যা	৳১,৫০০ না ৳1,500; মুদ্রা প্রতীক
ভ্যাট ও স্টক নীতি	ভ্যাট হার; স্টক শূন্যেও বিক্রি চলবে কি না
ক্যাটাগরি ও একক	নিজের ক্যাটাগরি/একক যোগ, বদল, মুছা
থিম	ডে · নাইট · সিস্টেম
নিরাপত্তা ও পিন	দোকান কোড, মাস্টার পিন, কর্মচারী, পিন লক, এখনই লক, সিঙ্কের অবস্থা
লাইসেন্স	নিবন্ধিত ইমেইল, ডিভাইস, অবস্থা
লাইভ সাপোর্ট	অ্যাপ থেকেই আমাদের সাথে চ্যাট
অ্যাপ ভার্সন	বর্তমান সংস্করণ, আপডেট চেক
বিপজ্জনক অঞ্চল	সব হিসাব মুছে নতুন শুরু — **ফেরত আনা যায় না**



বদলানোর পর

নিচের **সেটিংস সংরক্ষণ করুন** চাপতে ভুলবেন না।

১১ ব্যাকআপ ও নতুন ফোন

ফোন হারালেও হিসাব হারাবে না

☁️ নিজে থেকে সিঙ্ক

ইন্টারনেট থাকলে প্রতিটা বিক্রি, পণ্য, খাতা ক্লাউডে যায় এবং অন্য ডিভাইসে লাইভ দেখায়। মেনু → **ব্যাকআপ ও ডেটা রিকভারি** থেকে এখনই ব্যাকআপ / রিস্টোর।

📱 নতুন ফোনে

অ্যাপ ইনস্টল → মালিক → **দোকান পুনরুদ্ধার** → ইমেইল ও মাস্টার পিন → সব হিসাব নেমে আসবে। পুরনো ফোন হারালে WhatsApp করুন — লাইসেন্স নতুন ফোনে সরিয়ে দেওয়া হবে।

১২ সমস্যা ও সমাধান

সমস্যা	সমাধান
Play Protect ইনস্টল আটকাচ্ছে	Play Protect অংশ: Scan app → Install, বা More details → Install without scanning
“App not installed”	ফোনে জায়গা আছে কি না দেখুন, আবার নামান। **আনইনস্টল করবেন না** — WhatsApp করুন
অন্য ডিভাইসে হিসাব নেই	দুই ডিভাইসেই নেট আছে কি না; মেনু → তথ্য হালনাগাদ
লাইসেন্স চালু হচ্ছে না	অর্ডারের ইমেইলটাই দিন; প্যাকেজে যত ডিভাইস ততটাই চালু হয়
কর্মচারী লগইন পারছে না	দোকান কোড ও পিন; প্যাকেজে কর্মচারী আছে কি না; কম্পিউটারে শুধু কাউন্টার/বড় দোকানে
ক্যামেরা স্ক্যান করছে না	ক্যামেরার অনুমতি দিন, আলো বাড়ান — বা নম্বর টাইপ করুন
মাস্টার পিন ভুলে গেছি	WhatsApp সাপোর্ট — মালিকের ইমেইল যাচাই করে সাহায্য

আরও সাহায্য লাগলে আমরা আছি

অ্যাপের **লাইভ সাপোর্ট** · WhatsApp · webixsolution.store/dokan-pro